

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রকল্প বাস্তবায়ন-৩ অধিশাখা।
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নং -৪৫.১৭৪.০০২.১৩.০০.০১৩.২০১১-৫৬০

তারিখ : ২৯.০৬.২০১৪ খ্রিঃ

প্রেরক : সালমা সিদ্দিকা মাহতাব
সিনিয়র সহকারী সচিব

প্রাপক : প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

বিষয় : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতায় স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচির অধীন
“ফিজিক্যাল ফ্যাসিলিটিজ ডেভেলপমেন্ট” কর্মসূচির অনুকূলে চলতি ২০১৩-২০১৪ অর্থ বছরে সংশোধিত
এডিপি অনুযায়ী আরপিএ (জিওবি) খাতের ৪র্থ কিস্তির অবশিষ্ট অংশ হতে ১৮০০.০০ লক্ষ (আঠার কোটি)
টাকা অবমুক্তি সংক্রান্ত।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়স্বতন্ত্র স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচির আওতায় “ফিজিক্যাল
ফ্যাসিলিটিজ ডেভেলপমেন্ট” (কোড নং-৫-২৭০১-৫৪৮০) শীর্ষক প্রোগ্রামের অনুকূলে সংশোধিত এডিপি বরাদ্দ অনুসারে
চলতি ২০১৩-২০১৪ অর্থবছরে আরপিএ (জিওবি) খাতের (২৬.০৬.২০১৪ তারিখের ৪৫.১৭৪.০০২.১৩.০০.০১৩.
২০১১-৫৫৫ সংখ্যক স্মারকে বর্ণিত অনুমোদিত বিভাজন অনুযায়ী) ৪র্থ কিস্তির অবশিষ্ট অংশ হতে ১৮০০.০০ লক্ষ
(মূলধন) (আঠার কোটি) টাকা অবমুক্তকরণে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করতে আদিষ্ট হয়েছি। এই ব্যয় চলতি ২০১৩-
২০১৪ অর্থ বছরে ২৭ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের উন্নয়ন বাজেটের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের এর
আওতায় এইচপিএনএসডিপি’র অধীন “ফিজিক্যাল ফ্যাসিলিটিজ ডেভেলপমেন্ট” (কোড নং-৫-২৭০১-৫৪৮০) এর
অনুকূলে বরাদ্দকৃত অর্থ হতে বহন করা হবে।

তবে শর্ত থাকে যে,

- (ক) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে The Public Procurement Act, 2006 এবং The Public Procurement Rules-2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে;
- (খ) অব্যয়িত অর্থ (যদি থাকে) যথাসময়ে সরকারী কোষাগারে সমর্পণ করতে হবে;
- (গ) ছাড়কৃত অর্থের পুনর্ভরণ দাবী অবিলম্বে পেশসহ পুনর্ভরণ নিশ্চিত করতে হবে;
- (ঘ) ছাড়কৃত অর্থ ব্যয়ের বিষয়ে ভবিষ্যতে কোন অনিয়ম হলে তার জন্য সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন; এবং
- (ঙ) কর্মসূচির অপারেশনাল প্লানে বর্ণিত দফাওয়ারী বরাদ্দ অনুযায়ী এবং উন্নয়ন সহযোগী দেশ/সংস্থার সাথে সম্পাদিত কার্যকর চুক্তির শর্ত মোতাবেক এই অর্থ ব্যয় করতে হবে।

২। অর্থ বিভাগের ১৩.১১.২০১২ তারিখের নং০৭.১১১.০৩১.০১.০০.০৬১.২০১২-৫৪০ সংখ্যক স্মারকের অধীনে
অত্র মন্ত্রণালয়/ বিভাগ কে যে ক্ষমতাপর্ণ করা হয়েছে সেই অনুযায়ী এবং অর্থবিভাগের ২৬.০৬.২০১৪ তারিখের
০৭.১০৪.০১৪.২৭০১. ০০৭.২০১২-৩১৯ নং স্মারকের সম্মতিক্রমে এই আদেশ জারী করা হল।

স্বাঃ


(সালমা সিদ্দিকা মাহতাব)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৯৫৪০
-পরবর্তী পৃষ্ঠা দ্রষ্টব্য-

স্মারক নং -৪৫.১৭৪.০০২.১৩.০০.০১৩.২০১১-৫৬০/১(৯)

তারিখ : ২৯.০৬.২০১৪ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. অতিরিক্ত-সচিব (চিঃশিঃউঃ) ও লাইন ডাইরেক্টর, ফিজিক্যাল ফ্যাসিলিটিজ ডেভেলপমেন্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. যুগ্ম-প্রধান স্বাস্থ্য উইং, আর্থ সামাজিক অবকাঠামো ও কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলানগর, ঢাকা।
৩. প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ১০৫-১০৬ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
৪. প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, পূর্তভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৫. উপ-সচিব (এফএমইউ) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. সিনিয়র সহকারী সচিব (বাজেট-৪) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৮. যুগ্ম-সচিব (প্রবা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৯. যুগ্ম-প্রধান (পরিকল্পনা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।



(সালমা সিদ্দিকা মাহতাব)
সিনিয়র সহকারী সচিব